এআই: মানুষের মতো কথা বলবে এবং আচরণ করবে

written by Chandradip News24 | November 14, 2024

কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) প্রযুক্তি এখন মানুষের কাজ করার পদ্ধতিকে অনেক সহজ করে দিয়েছে। যে কাজগুলো করতে মানুষকে সময় এবং প্রচেষ্টা ব্যয় করতে হয়, এআই সেগুলো খুব সহজে এবং দ্রুত করতে সক্ষম। তবে এখন এই প্রযুক্তি আর শুধু কাজের জন্য নয়, মানুষের মতো কথা বলবে এবং আচরণ করবে বলেও জানিয়েছেন মাইক্রোসফটের সিইও মোস্তফা সুলেমান।

মাইক্রোসফটের সিইও তার বক্তব্যে উল্লেখ করেন, কল্পনা করুন, আপনার পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট এমনভাবে কাজ করছে, যেমন আপনি নিজেই কাজটি করছেন। এর মধ্যে আপনার স্টাইল, ছন্দ, এমনকি গুরুত্বপূর্ণ তথ্য সম্পর্কে জানার বিষয়টি গভীরভাবে ব্যক্তিগত হয়ে ওঠে। এটি আপনার অভিজ্ঞতাকে আরও সমৃদ্ধ করবে এবং আপনার জীবনযাপনকে আরও স্মার্ট এবং নিখুঁত করে তুলবে।

এআই প্রযুক্তির ভবিষ্যৎ সম্ভাবনাকে আরও সুস্পষ্ট করে তোলেন এইচসিএলের সাবেক সিইও বিনীত নায়ার। তিনি দাবি করেন, কৃত্রিম বুদ্ধিমত্তা তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে এমন একটি বিপ্লব ঘটাবে, যার ফলে অন্তত ৭০ শতাংশ মানুষের উপস্থিতি ছাড়াই কাজ চালিয়ে নেওয়া

সম্ভব হবে।

এআই প্রযুক্তি, বিশেষ করে চ্যাটজিপিটি ও কপিলট, বর্তমানে বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত দুনিয়ায় ব্যাপক আলোচনার বিষয় হয়ে উঠেছে। কয়েক বছর আগেও এআই সম্পর্কে মানুষের ধারণা খুবই সীমিত ছিল, কিন্তু আজকের দিনে এটি প্রযুক্তি এবং মানুষের জীবনযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম